



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-১ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd




প্রেস বিজ্ঞপ্তি

২৫-০২-২০২১

গত ১৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB) এর মধ্যে ‘COVID-19 Emergency Response and Pandemic Preparedness Project’- প্রকল্পের জন্য ১০০ (একশত) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী, যুগ্মসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB’র পক্ষে Mr. Rajat Misra, Acting Director General, Investment Operations, AIIB ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

স্বাস্থ্য সেবা বিভাগের উদ্যোগে এ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পটি স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। প্রকল্পটি ০৫ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ০৩ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য হলো: কোভিড-১৯ এর কারণে উদ্ভূত হুমকি মোকাবেলায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে বাংলাদেশ সরকারকে সহায়তাসহ জাতীয় স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করা।

প্রকল্পটি বিশ্বব্যাংক ও AIIB’র যৌথ অর্থায়নে বাস্তবায়িত হবে। AIIB’র Special Fund Window (SFW) এর আওতায় প্রাপ্ত এ ঋণ ০৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৫ বছরে পরিশোধযোগ্য। SFW এর আওতায় Buy down পদ্ধতিতে এ ঋণের সুদের হার ১.০৮%, যা একই সময়কালে পরিশোধযোগ্য অন্যান্য ঋণের সুদের হারের চেয়ে কম। এ ঋণের ফ্রন্ট এন্ড ফি হিসাবে ০.২৫% এবং কমিটমেন্ট ফি হিসাবে অব্যয়িত অর্থের ০.২৫% পরিশোধ করতে হবে।


কাওসার জাহান
উপসচিব
ফোন: ৯১৮০৮৭৬